# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৩১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৯২. জানাবাতের অবস্থায় মুসাফাহ করা প্রসঙ্গে

## باب فِي الْجُنُبِ يُصَافِحُ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، وَبِشْرٌ، عَنْ حُمَيْدٍ، عَنْ بَكْرٍ، عَنْ أَبِي رَافِعٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ لَقِيَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي طَرِيقٍ مِنْ طُرُقِ الْمَدِينَةِ وَأَنَا جُنُبٌ فَاخْتَنَسْتُ فَذَهَبْتُ فَاغْتَسَلْتُ ثُمَّ جِئْتُ فَقَالَ " أَيْنَ كُنْتَ يَا أَبَا هُرَيْرَةَ " . قَالَ قُلْتُ إِنِّي كُنْتُ جُنُبًا فَكَرِهْتُ أَنْ أُجَالِسَكَ عَلَى غَيْرِ طَهَارَةٍ . فَقَالَ " سُبْحَانَ اللهِ إِنَّ الْمُسْلِمَ لاَ يَنْجُسُ " .

ـ صحيح

বাংলা

২৩১। আবূ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মদীনার এক রাস্তায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আমার সাক্ষাৎ হয়। আমি তখন নাপাক অবস্থায় ছিলাম। তাই আমি পিছনে হটে গিয়ে গোসল করে আসলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আবূ হুরাইরাহ্! তুমি এতক্ষণ কোথায় ছিলে? আমি বললাম, আমি নাপাক ছিলাম বিধায় অপবিত্র অবস্থায় আপনার সাথে বসা অপছন্দ করলাম। তিনি বললেনঃ সুবহানাল্লাহ! মুসলিম (কখনো) অপবিত্র হয় না।[1]

সহীহ।

## English

Abu Hudhaifah reported :
The Messenger of Allah (ﷺ) met me on one of the streets of medina while I was sexually defiled. I retreated and went away. I then took a bath and

came to him. He asked : Where were you, O Abu Hurairah? I replied : As I was sexually defiled, I disliked to sit in your company without purification. He exclaimed: Glory be to Allah! A Muslim is not defiled.

He (Abu Dawud) said : The version of this tradition reported by Bishr has the chain: Humaid reported from Bakr.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ গোসল, অনুঃ জুনুবী ব্যক্তির ঘাম, নিশ্চয় মুসলিম অপবিত্র নয়, হাঃ ৩৮৩), মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ মুসলিম অপবিত্র হয় না তার প্রমাণ) হুমাইদ সূত্রে।

-

এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ

১। জানাবাত এমন কোনো অপবিত্রতা নয় যদ্দ্বারা জুনুবী ব্যক্তির সঙ্গে মুসাফাহ ও সাক্ষাৎকারী অপবিত্র হয়।

২। জুনুবী ব্যক্তির জন্য গোসলের পূর্বে স্বীয় প্রয়োজনীয় কাজে চলে যাওয়া জায়িয আছে, যদি সালাতের ওয়াক্ত ছুটে যাওয়ার আশংকা না থাকে।

৩। মুসলিম পাক, তারা কোনো অবস্থাতেই (প্রকৃত) অপবিত্র হয় না।

দুর্বলঃ যঈফ আল-জামি‘উস সাগীর ৬১১৭, ইরওয়া ১৯৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57549

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন